

যুগান্তর

তারিখ

পৃষ্ঠা

কলাম

এইচএসসি পরীক্ষা : নকল রোধে কঠোর ব্যবস্থা নেয়ার কথা বললেন শিক্ষা প্রতিমন্ত্রী

যুগান্তর রিপোর্ট

আসন্ন এইচএসসি পরীক্ষায় কোন পরীক্ষার্থী নকল নিয়ে কেন্দ্রে প্রবেশের সময় ধরা পড়লে সেখানেই তাকে বহিষ্কার করা হবে। পরীক্ষা কেন্দ্রে শিক্ষকরা মোবাইল ফোন ব্যবহার

করতে পারবেন না। অসাধু পরীক্ষার্থীদের ধরতে ব্যবহার করা হবে ভিডিও ক্যামেরা। শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন গতকাল রোববার সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় এইচএসসি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৩

এইচএসসি : পরীক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

অনুষ্ঠানে একথা জানিয়েছেন।

প্রতিমন্ত্রী জানান, পরীক্ষায় নকল করাকে অবৈধ অস্ত্র বহনের মতো অপরাধ হিসাবে বিবেচনা করা হবে। এই অপরাধ রোধ করতে নেয়া হবে সর্বাঙ্গিক পদক্ষেপ। তিনি সব পদক্ষেপ সাংবাদিকদের কাছে বর্ণনা করেন। তিনি বলেন, পরীক্ষায় নকল প্রবণতা চিরদিনের জন্য দূর করতে হবে।

এহছানুল হক মিলন বলেন, বাংলাদেশে প্রথমবারের মতো কিছু ব্লকি পূর্ণ পরীক্ষা কেন্দ্রে ভিডিও ক্যামেরা ব্যবহার করা হবে। এতে অসদুপায় অবলম্বনকারীকে পরীক্ষা শেষে চিহ্নিত করে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া যাবে। এছাড়া পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় গেটে পরীক্ষার্থীদের দেহ তত্ত্বাশি করে কারও কাছে নকল পাওয়া গেলে সেখানেই তাকে বহিষ্কার করা হবে। কেন্দ্রে সচিব ছাড়া পরীক্ষা কেন্দ্রে কোন শিক্ষক মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না।

পরীক্ষা শেষে কোন পরীক্ষা কেন্দ্রে নকলের গোয়েন্দা রিপোর্ট পাওয়া গেলে ওই কেন্দ্রের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। কোন শিক্ষক নকল বন্ধ করতে ব্যর্থ হলে ওই শিক্ষক এবং সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে বহিষ্কার করা হবে। এমনকি সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সরকারি অনুমোদন এবং এমপিও বাতিল করা হবে।

প্রতিমন্ত্রী আরও জানান, স্থানীয় সংসদ সদস্য ছাড়া পরীক্ষা কেন্দ্রে কোন রাজনৈতিক ও ছাত্রনেতা এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির কর্মকর্তাকে ঢুকতে দেয়া হবে না। এমনকি পিয়নদেরও পরীক্ষার প্রথম আড়াই ঘণ্টা পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পিয়নরা পরীক্ষা শেষ হওয়ার আধা ঘণ্টা আগে খাতা সেলাইয়ের জন্য কেন্দ্রে প্রবেশ করবে।

সাংবাদিকদের সঙ্গে এই মতবিনিময় অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু ও বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান উপস্থিত ছিলেন। আগামী ১৬ মে সারাদেশে এইচএসসি পরীক্ষা শুরু হবে। এবার ৭টি বোর্ডের অধীনে ৫ লাখ ৮৫ হাজার ৫৭২ জন শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নেবে। এছাড়া আরও এক লাখ ২ হাজার ২৬৫ জন পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে সমমানের পরীক্ষায় অংশ নেবে।

প্রতিমন্ত্রী জানান, চলতি বছরের এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বন এবং এ কাজে সহযোগিতার দায়ে ২৭ হাজার ১৩৫ জন পরীক্ষার্থী ও ২৫০ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।